

# Times Today BD

এম এস রহমান | দেশজুড়ে | 20 May, 2025

পাবনার আমিনপুরে অভিযান চালিয়ে ৭৪ কেজি ওজনের কষ্টি পাথরের মূর্তি জব্দ করেছে র্যাব। এ সময় জড়িত অভিযোগে রাজু আহমেদ বাবু (৪৮) নামে এক ব্যক্তিকে আটক করা হয়।

সোমবার (১৯ মে) বিকেল পাঁচটার দিকে যৌথ অভিযান চালায় পাবনা ও কুষ্টিয়ার র্যাব সদস্যরা। আটককৃত রাজু আহমেদ বাবু আমিনপুর থানার কাজি শরীফপুর গ্রামের মৃত মোকহেদ শেখের ছেলে।

র্যাব-১২, সিপিএসি-২ পাবনার ভারপ্রাপ্ত কোম্পানি কমান্ডার মেজর মোঃ ফারহান-উজ-জামান এ তথ্য নিশ্চিত করেছেন।

তিনি জানান, গোপন সংবাদের ভিত্তিতে র্যাব-১২, সিরাজগঞ্জ এর অধিনায়কের নির্দেশে পাবনা এবং কুষ্টিয়া র্যাব পাবনার আমিনপুর থানার চক আব্দুস শুকুর এলাকায় যৌথ অভিযান পরিচালনা করে। এ সময় অভিযুক্ত রাজু আহমেদ বাবু কে আটক করা হয়। এরপর তার দেয়া তথ্য অনুযায়ী বাড়ির আঙ্গিনা খুঁড়ে একটি ৭৪ কেজি ওজনের কষ্টি পাথরের মূর্তি জব্দ করে র্যাব সদস্যরা।

র্যাব-কমান্ডার মেজর ফারহান-উজ-জামান আরো জানান, আটককৃত রাজু আহমেদ বাবু কে জব্দকৃত আলামতসহ পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য আমিনপুর থানায় হস্তান্তর করা হয়েছে।

পাবনা কষ্টি পাথর মূর্তি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 02:02

URL: <https://www.timestodaybd.com/public/across-the-country/2724494934>